E-mail: publicrelations@du.ac.bd

১২ শ্রাবণ ১৪৩২



DU in Media

জনসংযোগ অফিস ঢাকা বিশ্ববিদ্যালয় ঢাকা– ২০০০, বাংলাদেশ ফোন : ৫৫১৬৭৭১৯

27 july 2025

প্রতিদিনের বাংলাদেশ



পোস্টার প্রতিযোগিতা চ্যাম্পিয়ন ঢাবি

জাহিদ খান

আন্তঃবিশ্ববিদ্যালয় পোস্টার প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) দল 'টিম নেক্সাস' চ্যাম্পিয়ন হয়েছে। এতে ১ম ও ২য় রানার্স-আপ হয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দল 'টিম ইনসাইট' এবং 'টিম কন্টোল'।

সোমবার (২১ জুলাই) ঢাবির নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে 'ইন্টার-ইউনিভার্সিটি আইএফআরএস পোস্টার প্রেজেন্টেশন' শীর্ষক এই প্রতিযোগিতা আয়োজন করে ঢাবি আনকাউন্টিং বিভাগ। সকালে এক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধাক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতা উদ্বোধন করেন। আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মান (আইএফআরএস) সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং এ বিষয়ে আগ্রহ সৃষ্টির লক্ষ্যে এই প্রতিযোগিতা আয়োজন করা হয়। বাংলাদেশের জাতীয় পেশাদার আ্যাকাউন্টোক সংস্থা এবং গবেষণা প্রতিষ্ঠান 'ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্টোন্সস

অব বাংলাদেশ (আইসিএবি)'-এর সহযোগিতায় এই প্রতিযোগিতার আয়োজন করা হয়।

আকাউন্টিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক
মো. মাকছুদুর রহমান সরকারের সভাপতিত্বে
উদ্বোধনী অনুষ্ঠানে আইসিএবি-এর সভাপতি এন কে
এ মবিন, বাংলাদেশ ফাইন্যান্স পিএলসি-এর
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মো. কায়সার হামিদ
এবং আইসিএবি-এর কাউন্সিল মেম্বার মো. শফিকুল
আলম বিশেষ অতিথি হিসেবে বক্তবা রাখেন।
আকাউন্টিং বিভাগের অধ্যাপক আমিরুস সালাত
ধন্যবাদ জ্ঞাপন করেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, এই প্রতিযোগিতা শিক্ষার্থীদের তাত্ত্বিক জ্ঞানের সঙ্গে বাবহারিক এবং প্রায়োগিক জ্ঞান ও দক্ষতার সমন্বয় সাধনে কার্যকর ভূমিকা রাখবে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে আন্তঃসম্পর্ক উন্নয়ন এবং ইন্ডাস্ট্রি-একাডেমিয়া সম্পর্ক জোরদার করতেও এ ধরনের আয়োজন অতান্ত সহায়ক ভূমিকা পালন করবে।

এই প্রতিযোগিতায় দেশের সরকারি-বেসরকারি ১৪টি বিশ্ববিদ্যালয়ের ৬৩টি দল অংশ নেয়।

E-mail: publicrelations@du.ac.bd

১২ শ্রাবণ ১৪৩২



DU in Media

জনসংযোগ অফিস ঢাকা বিশ্ববিদ্যালয় ঢাকা– ১০০০, বাংলাদেশ ফোন : ৫৫১৬৭৭১৯

27 july 2025

কালের কণ্ঠ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ড. আপুল্লাহ ফারুক সম্মেলনকক্ষে গতকাল 'প্রোডিজিস ৬.০ : ক্রাফটিং সলিউশন, ফোরজিং লিডার্স শীর্ষক বিজনেস পলিসি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

ঢাবিতে 'প্রোডিজিস ৬.০' বিজনেস পলিসি প্রতিযোগিতা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি 🗅

ঢাকা বিশ্ববিদ্যালয় হিসাববিজ্ঞান ফোরামের (ইউডিএএফ) আয়োজনে 'গ্রোডিজিস ৬,০ : ক্রাফটিং সলিউশন, ফোরজিং লিডার্স' শীর্ষক বিজনেস পলিসি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ড. আনুষ্লাহ ফারুক সন্দোলনকক্ষে প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান সম্পন্ন হয়।

প্রতিযোগিতায় মোট ৪১টি দল অংশ নেয়,
যার মধ্যে আটটি দল চুড়ান্ত পর্বে উত্তীর্গ
হয়। দলগুলো হলো প্রমিথিউস, টিম গোকু,
ক্যাশ রুয়েড, ডেড ক্যাপিটালিস্ট সোসাইটি,
কোর কালেক্তিভ, দ্য থিংক ট্যাংক, টিম
মোপো এবং থিনসিংক। প্রতিযোগিতায়
ক্যাশ রুয়েড' বিজয়ী হয়, 'টিম গোকু'
প্রথম রানার্স আপ এবং 'ডেড ক্যাপিটালিস্ট
সোসাইটি' দ্বিতীয় রানার্স আপ হয়।

আয়োজনের পৃষ্ঠপোষকতায় ছিল বসুন্ধরা এক্সারসাইজ বুক এবং নিট ভ্যালি ফ্যাশনস লিমিটেড। প্রথমবারের মতো প্রতিযোগিতাটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় অনুষদের সব বিভাগের শিক্ষাবীদের জন্য উত্মুক্ত করা হয়। পুরো আয়োজনে মিডিয়া পার্টনার হিসেবে ছিল কালের কর্চ্ন পত্রিকা।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগের চেয়ারপারসন অধ্যাপক মো. মাকসুদুর রহমান সরকার। সম্মানিত অতিথি ছিলেন সাফওয়ান বসুন্ধরা গ্লোবালের সিনিয়র এক্সিকিউটিভ (মার্কেটিং) সাঈয়েদ জুলকারনাইন এবং আ্যাকাউন্টিং আলামনাই আ্যাসোসিয়েশনের সভাপতি আহমেদ ইউসুফ আব্বাস। এ ছাড়া উপস্থিত ছিলেন ইউডিএএফের মডারেটর ও হিসাববিজ্ঞান বিভাগের অধ্যাপক আমিরুস সালাত। আয়োজকরা জানান, এই প্রতিযোগিতা তাত্ত্বিক জানকে বাত্তব কেসের সঙ্গে সমন্বয় করে শেখার একটি অনন্য য়াটফর্ম। এবারের পরিসর বৃদ্ধির ফলে ডংশগ্রহণকারীদের শেখার অভিজ্ঞতা আরো সমন্ধ হয়েছে।

বিচারকরা প্রতিযোগীদের বিশেষণী দক্ষতা, সমস্যা সমাধানে স্জনশীলতা এবং আত্রবিশাসী উপস্থাপনার ভ্য়াসী প্রশংসা করেন। অতিথি ও শিক্ষকরা নেতৃত্ব বিকাশে এ ধরনের উদ্যোগের গুরুত্ তলৈ ধরেন। পৃষ্ঠপোষক প্রতিষ্ঠান বসুন্ধরা এক্সারসাইজ বুক এবং নিট ভ্যালি ফ্যাশনস লিমিটেড শিকাথীদের উদাম ও মেধার প্রশংসা করে ভবিষাতে সহযোগিতার প্রতিশ্রুতি দেয়। ইউডিএএফের মডারেটর অধ্যাপক আমিরুস সালাত বলেন, 'এই প্রতিযোগিতার উদ্দেশ্য শিক্ষার্থীদের করপোরেট বিশ্বে এগিয়ে রাখা এবং প্রতিযোগিতায় টিকে থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন। এটি তাদের সিভিকে সমন্ধ করবে এবং বিদেশে উচ্চশিক্ষার ক্ষেত্রেও ওরুতপূর্ণ ভমিকা রাখবে। প্রোডিজিস তথ্ একটি প্রতিযোগিতা নয়, এটি ভবিষাৎ নেতৃত্ব পড়ার একটি সাহসী পদক্ষেপ।

আনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল তৈমাসিক 'আকাউন্টিং বৃঙ্গেটিন'-এর মোড়ক উশ্মোচন। মোড়ক উশ্মোচন করেন হিসাববিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো, মাকসুদুর রহমান সরকার।

वाक्ना(क्लामिकी)

ঢাবিতে বিজনেস পলিসি প্রতিযোগিতা অনুষ্ঠিত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় হিসাববিজ্ঞান ফোরামের (ইউডিএএফ) আয়োজনে অনুষ্ঠিত হয়েছে পলিসিবিষয়ক প্রতিযোগিতা প্রোডিজিস ৬.0 : ক্রাফটিং সলিউশন, ফোরজিং লিডার্স'। গতকাল বিশ্ববিদ্যালয়ের ড. আবদুল্লাহ ফারুক কনফারেল হলে ফাইনাল রাউন্ড ও পুরস্কার বিতরণী অনষ্ঠিত হয়। এতে মোট ৪১টি দল অংশগ্রহণ করে। যার মধ্যে ফাইনাল রাউত্তে যায় আটটি। বিজয়ী হয় 'ক্যাশ ফ্লয়েড', প্রথম রানারআপ হয় 'তিম গোকু', দ্বিতীয় রানারআপ 'ডেড ক্যাপিটালিস্ট সোসাইটি'। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন হিসাববিজ্ঞান বিভাগের চেয়ারপারসন মাকসুদুর রহমান সরকার। অতিথি ছিলেন সাফওয়ান বসুন্ধরা গ্লোবালের সিনিয়র এক্সিকিউটিভ (মার্কেটিং) জুলকারনাইন, হিসাববিজ্ঞান সাঈয়েদ বিশ্ববিদ্যালয়ের মডারেটর ফোরামের হিসাববিজ্ঞান বিভাগের অধ্যাপক আমিরুস সালাত প্রমুখ। উরোখা. আয়োজনের পৃষ্ঠপোষক ছিল বসুন্ধরা এক্সারসাইজ বুক এবং নিট ভ্যালি ফ্যাশল লিমিটেড। মিডিয়া পার্টনার ছিল বাংলাদেশ প্রতিদিন। প্রথমবারের মতো বাবসায় অনুষদের শিক্ষার্থীদের জনা প্রতিযোগিতাটি উনুক্ত করে দেওয়া হয়।

E-mail: publicrelations@du.ac.bd

১২ শ্রাবণ ১৪৩২



জনসংযোগ অফিস ঢাকা বিশ্ববিদ্যালয় ঢাকা– ২০০০, বাংলাদেশ ফোন : ৫৫১৬৭৭১৯

27 july 2025

The Financial Express

First int'l conference on July uprising at DU today

DU CORRESPONDENT

To commemorate first anniversary of July Mass uprising, First International Conference (ICJR-I) will be held at Nabab Nawab Ali Chowdhury Senate building in Dhaka University today (Sunday). The conference, titled "The Legacy of July Revolution 2024: Rebuilding Bangladesh", is aimed to enhance awareness about the impact of July Uprising while facilitating deep, policyoriented discussions on the country's future. With the vision of shaping "Bangladesh 2.0," the event is being organised by the Department of Political Science at Dhaka University in collaboration with ten institutions from both home and abroad. Participating institutions include Department of Political Science of Jagannath University, University of Regina in Canada, School of Social Sciences at Nanyang Technological University in Singapore, School of Peace and Conflict Studies at Kent State University in the United States, International Institute of Law and Diplomacy, Bangladesh 2.0 Initiative based in the United Kingdom, US-based

I SEE PAGE 7 COL 6

First Int'l conference on July

FROM PAGE 8 COL 8

platform Sochchar, Dhakabased organization Insaf and Center for Policy and Social Research in Turkey. In addition to academic institutions, the event is also being supported by several justice-focused organizations and community-based nonprofit initiatives. The conference will host more than fifteen distinguished speakers and include over nine live panel discussions. Among the key speakers are Dr. Amor Abdullah, Emeritus Professor at the University for Peace (UPEACE) in Costa Rica; Dr. Mahmudur Rahman, editor of Amar

Desh; Dr. Md Saidul Islam, professor at Nanyang Technological University in Singapore; Dolly Begum, a member of the Provincial Parliament in Ontario of Canada; John Danilovich, a diplomat with the U.S. Department of State; and Dr. Usama Al-Azami, professor at Hamad Bin Khalifa University in Qatar. More than 400 research papers submitted from across the world over the conference. After a rigorous peer review process, 60 of these submissions have been selected for presentation. The selected papers will be presented by university professors, activists, student leaders, legal experts, and

policymakers, each offering diverse perspectives grounded in their lived experiences, research findings, and policy insights. Organizers believe that the conference will not only highlight the historical significance of the July Mass uprising but also serve as a meaningful step toward building a just and inclusive future for Bangladesh. With participation from international researchers, policy experts, and civil society representatives, the event promises to be a landmark moment in understanding and shaping the post-revolution trajectory of the nation. armanhossen7971@gmail.com

E-mail: publicrelations@du.ac.bd

১২ শ্রাবণ ১৪৩২



DU in Media


জনসংযোগ অফিস ঢাকা বিশ্ববিদ্যালয় ঢাকা– ২০০০, বাংলাদেশ ফোন: ৫৫১৬৭৭১৯

27 july 2025

নয়া দিগন্ত



আমার দেশ



আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা অখ্যাপক ড. আসিফ নজৰুল বলেছেন, সবার আগে রাষ্ট্রের



তিনটা প্রধান অঙ্গ নির্বাহী
বিভাগ, আইন বিভাগ এবং
বিচার বিভাগের সমসাার
সমাধান করতে হবে। এ
তিন বিভাগে সমস্যা রেখে
কোনোভাবেই মানবাধিকার
ঠিক রাখা বাবে না। আসল

জারগার হাত দিতে হবে। আমরা এ জারগাগুলো ঠিক করার চেষ্টা কর্বছি।

গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোজাফজর আহমেদ চৌধুরী মিলানারতনে আয়োজিত ১১তম মানবাধিকার সন্দেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস) এ সম্মেলনের আয়োজন করে।

আসিফ নজবুল বলেন, ১৯৯১ থেকে ২০১১-১২ সাল পর্যন্ত দেশে মোটামুটি ভালো নির্বাচনি প্রক্রিয়ার মাধ্যমে সরকার এসেছিল। যার কারণে আমরা কিছুটা হলেও ভালোর দিকে যাত্রা পুরু করেছিলাম। শেষ হাসিনার শাসনামলে ২০১৩ সালেও অনেকগুলো মেয়র নির্বাচনে অন্য দলের প্রাধীরা বিজয়ী হয়েছিলেন। তখন পর্যন্ত স্বচ্ছতা ছিল।

আইন উপদেষ্টা বলেন, বাংলাদেশে সেরা সময় কেটেছে ১৯৯১ পেকে ২০১২-১৬ পর্যন্ত। কারণ, তখন শান্তিপূর্ণ ক্ষমতার হস্তান্তর ছিল। এটি থাকলে জনগণের কাছে জবাবদিহি থাকে। তখন, দেশ ভালোর দিকে এগিয়েছে।

কালবেলা



অন্তর্বতীকালীন সরকারের আইন উপদেষ্টা অধ্যাপক ড আসিফ নজরুল বলেছেন, ক্ষমতা

থেকে চলে যাওয়ার ভয়টা চলে গেলে তখন (সরকার) কী রকম দানবে পরিগত হয়, সেটা আওয়ামী লীগের ফাসিষ্ট আমল থেকে আমরা বুঝতে পারি। ঘেটার কারণে আমাদের হাজারেরও বেশি ছাত্র-জনতাকে প্রাণ দিতে হয়েছে। কত



ভয়াবহ মূলা দিতে হয়েছে আমাদের, তা উপলব্ধি করে সাবিকভাবে চিন্তাচেতনার প্রয়োজন আছে। গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (চাবি) অধ্যাপক খোজাফ্চান আহাদ আদেটি সোসাইটির উদ্যোগে আরোজিত '১১তম মানবাধিকার সম্মোলন-২০২৫' শীর্ষক সেমিনারে এসর কথা বলেন তিনি।

তিনি বলেন, মানবাধিকার একটা সংস্কৃতি হিসেবে গড়ে তুলতে হবে, এটা শুধু আইন দিয়ে হবে ন। সবার রিয়েলাইজেশন (উপলব্ধি), আত্মন্তব্ধি লাগবে। আমাদের প্রতিটি বিশ্ববিদ্যালয়ে বছত লাগবে। আমাদের আত্মসমালোচনা করতে হবে, আত্মন্তব্ধি করতে হবে। এগুলোর সঙ্গে যুখন আমারা আইনগত পরিবর্তন করব, প্রাতিষ্ঠানিক পরিবর্তন করব, করব, তথন একটা সতিয়কার অর্থে

পরিবর্তন আসতে পারে।
মানবাধিকার প্রতিষ্ঠা একটি বড় চ্যালেঞ্জের
ব্যাপার উল্লেখ করে তিনি বলেন, অনেকে মনে
করে, মানবাধিকার বাস্তবায়ন ইউরোপে হয়েছে,
আমেরিকায় হয়েছে। তারা নিজের দেশের ভেতরে
করেছে। কিন্তু তারা সারা পৃথিবীতে চরমভাবে
মানবাধিকার লক্ষ্মন করার কাজে নিয়োজিত

আছে।
সেমিনারে গাবির আইন অনুষদের ভিন ড. মুহক্ষদ
একরামুল হক, আওরামী শাসনামলে গুম হওয়া
বাারিষ্টার আহমেদ বিন কাসেম (আরমান) ও
মাইকেল চাকমা, জুলাই আন্দোলনে আহত দুজন
এবং নিহত নাঈমা সুলতানা ও শাহরিয়ার থানের
মা বক্তব্য দেন।

Frione: 35167719 E-mail: publicrelations@du.ac.bd

১২ শ্রাবণ ১৪৩২



DU in Media

জনসংযোগ অফিস ঢাকা বিশ্ববিদ্যালয় ঢাকা– ১০০০, বাংলাদেশ ফোন : ৫৫১৬৭৭১৯

27 july 2025

The New Age



The Bangladesh Students' Union brings out a procession, urging the government to avoid policy to gratify the United States' imperialism, at Dhaka University on Saturday.

— New Age photo

আজকের পত্রিকা

দুই দাবিতে ঢাবিতে মিছিল ছাত্র ইউনিয়নের

নিজম্ব প্রতিবেদক, ঢাকা

মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে করা সব চুক্তি
প্রকাশসহ দুই দফা দাবিতে গতকাল
শনিবার ঢাকা বিশ্ববিদ্যালর ক্যাম্পাসে
মিছিল ও বিক্ষোভ সমাবেশ করেছে
বংলাদেশ ছাত্র ইউনিয়ন। বিকেল
পৌর দিকে টিএসন্সির সামনে থেকে
মিছিল শুরু হয়।

শিক্ষণ তর ধর।
মিছিলটি ভিসি চতুর, মধুর
ক্যানটিন বুরে সন্ত্রাপবিরোধী রাজু
ভাষরের্বর সামনে গিরে সমারেশে মিজিত
হয়। সংগঠনের কেন্দ্রীয় সভাপতি
তামজিন হায়নার চঞ্চলের সভাগতিতে
অনুষ্ঠিত সমারেশ সংগ্রালনা করেন
সাধারণ সম্পাদক শিম্প কুদ্ধবার।

সমাবেশে বক্তারা যুক্তরাব্রের সঙ্গে সম্পাদিত সব সাম্যদিক ও রেসামারিক চুক্তি প্রকাশের এবং 'স্টেট্ট সিক্রেটস অ্যান্ট'-এ করা মামলা প্রত্যাহার করে এনবিআরের সাবেক সচিব মুক্তিতুল হাসানকে মপদে পুনর্বহালের দাবি জানাম।

সমাবেশে ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক রথীন্দ্র নাথ বান্ধি, ঢাকা মহানগর শাখার আহবায়ক আসিফ জামান, ছাত্র ইউনিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয় সংসদেব সভাপতি মেঘমঞ্জার বসু প্রমুখ বক্তন্য দেব।

সমাঙি বক্তবো তামজিল হাবলার চঞ্চল বলেন, এই দেশে মার্কিন সামাজ্যবাদের বিরুদ্ধে বহু সংগ্রামের ইতিহাস আছে। মতিউল ও কান্দেরের রক্ত বুথা যেতে দেওয়া হবে না।

E-mail: publicrelations@du.ac.bd

১২ শ্রাবণ ১৪৩২



DU in Media

জনসংযোগ অভিস ঢাকা বিশ্ববিদ্যালয় চাকা- ১০০০, বাংলাদেশ কোন : ৫৫১৬৭৭১৯

27 july 2025

আলোকিত বাংলাদেশ



গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে ইউনিভার্সিটি টিচার্স লিংক (ইউটিএল) নামে শিক্ষকদের নতুন একটি সংগঠনের আত্মপ্রকাশ ঘটে® **আলোকিত বাংলাদেশ**

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের নতুন সংগঠনের আত্মপ্রক

ত নিজৰ প্ৰতিবেদক

দেশের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মর্যাদা রক্ষা ও ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানের স্পিরিটকে ধারণ করে ইউনিভার্সিট টিচার্স লিংক (ইউটিএল) নামে শিক্ষকদের নতুন একটি সংগঠনের আত্মপ্রকাশ হয়েছে। গতকাল শনিবার বেলা ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) টিএসসি ক্যাফেটেরিয়ায় এ উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ইউটিএলর মূল প্রতিপাদ্য হলো- 'জ্ঞান, বিশ্বাস, আত্মর্যাদা ও স্বাধীনতা । রাজনৈতিক আনুগত্যের সংস্কৃতি থেকে মুক্ত হয়ে শিক্ষা, গবৈষণা, অত্যমৰ্যাদা, চিন্তার স্বাধীনতা ও জাতীয় দায়িত্বাধকে এগিয়ে নেওয়াই হবে এই সংগঠনটির অন্যতম উদ্দেশ্য বলে অনুষ্ঠানে জানালো হয়েছে।

অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. আতাউর রহমান বিশাসকে আহবায়ক ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বিলাল হোসাইনকে সদস্য সচিব করে দেশের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি ঘোষণা कवा इत्यत्हा

এ সময় অধ্যাপক ড. মোহাম্মদ বিলাল হোসাইন লিখিত বক্তব্যে বলেন, ২০২৪ সালের জুলাই মাসে ছাত্র-জনতার অভ্যত্থানের মধ্য দিয়ে যে বিপ্রবের

সংগঠনটি শিক্ষকদের মর্যাদা রক্ষা, একাডেমিক সততা, নিরাপদ ক্যাম্পাস ও শিক্ষা পরিবেশ নিশ্চিতকরণ ও গবেষণায় উৎকর্ষতা সাধন এবং গঠনমূলক সম্পুক্ততা ও নীতিনিধারণের মাধ্যমে জাতীয় উন্নয়নে ভূমিকা রাখতে সক্ষম হবে

আকাঞ্চা তৈরি হরেছে, তা বাংলাদেশের জাতীয় চেতনায় এক নতুন জাগরণ সৃষ্টি করেছে। বাংলাদেশের মানুষের রাজনৈতিক ও আদর্শিক

দৃষ্টিতসিকে এই বিপ্লব পুনর্নির্বাদ করছে। তিনি বলেন, এ প্রেকাপটে প্রয়োজন হয়ে পড়েছে একটি পেশানার শিক্ষক সংগঠনের; যা শিক্ষকদের মর্যাদা রক্ষা, একাডেমিক সততা, নিরাপদ ক্যাম্পাস ও শিক্ষা পরিবেশ নিশ্চিতকরণ ও গবেষণায় উৎকর্মতা সাধন এবং গঠনুমূলক সম্পূজ্ডা ও নীতিনিধারণের মাধামে জাতীয় উল্লয়নে ভূমিকা রাখতে সক্ষম। ইউটিএল এ প্রয়োজন থেকেই জন্ম

নেওয়া শিক্ষকগণের একটি জাতীয় প্রাটফর্ম। এর चनाउम উদেশা হলো রাজনৈতিক जानुগত্যের সংস্কৃতি থেকে মুক্ত হয়ে শিক্ষা, গবেষণা, আত্মমর্থাদা, চিন্তার স্বাধীনতা ও জাতীয়

দায়িতুবোধকে এগিয়ে নেওয়া।

শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়ে বলা হয়, ইউটিএল কেবল একটি প্রাটফর্ম নয় এটি একটি আন্দোলন বটে। যে সর শিক্ষক বিশ্বাস করেন যে, শিক্ষকরা জাতির উচ্চতর আকাক্ষা পূরণে পথপ্রদর্শক; আর শিক্ষা সমাজকে ন্যায়, জ্ঞান ও নৈতিকতার পথে নিয়ে

যেতে পারে ইউটিএল তাদেরই প্ল্যাটফর্ম। সংগঠনটি জানায়, এটির মিশন হবে দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদেরকে নিয়ে একটি অন্তর্ভুক্তিমূলক শিক্ষক সংগঠন গড়ে তোলা; শিক্ষকদের একাডেমিক, পেশাগত স্বার্থ রক্ষা ও উন্নয়ন: শিক্ষা ও জাতীয় নীতিনির্ধারণে সক্রিয়ভাবে অংশগ্রহণের মাধ্যমে জাতীয় উনুয়নে অবদান রাখা: একাডেমিয়াকে মুক্ত, নৈতিক ও গঠনমূলক জ্ঞানচর্চার ক্ষেত্র হিসেবে প্রতিষ্ঠা করা; সর্বপরি শিক্ষার্থীদের জন্য শিক্ষাবান্ধব ও নিরাপদ ক্যাম্পাস তৈরিতে প্রয়োজনীয় ভূমিকা রাখা।

লিখিত বক্তব্যের পর সাংবাদিকদের প্রশ্নের জবাব দেওয়া হয়। এই সময় শহিদ পরিবারের সদস্যরা এবং উপস্থিত পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা মতামত পেশ করেন। পরিশেষে নবগঠিত কমিটির আহ্বায়ক উপস্থিত স্বাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমান্তি ঘোষণা করেন।

E-mail: publicrelations@du.ac.bd

১২ শ্রাবণ ১৪৩২



DU in Media

জনসংযোগ অফিস ঢাকা বিশ্ববিদ্যালয় ঢাকা– ২০০০, বাংলাদেশ ফোন : ৫৫২৬৭৭১৯

27 july 2025

The New Age

